গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির জেলা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ মিনহাজুল ইসলাম<br>জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), কুড়িগ্রাম। |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| তারিখ ও সময় | : | ২২/০১/২০২৩ খ্রিঃ, দুপুর- ১২.০০ টা। |

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ‘‘ক’’)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির নির্দেশনানুযায়ী জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে দেশের ১৫টি উপজেলাকে পাইলট প্রকল্পভূক্ত করা হয় এবং ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) হতে উপকারভোগি নির্বাচন করার নির্দেশনা প্রদান করা হয়। ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) এর নানা অসংগতির কারণে কোন উপজেলায় পাইলট প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়নি। উলিপুর উপজেলাটি পাইলট প্রকল্পভূক্ত হওয়ায় ২০২১-২০২২ অর্থবছরে অন্যান্য ১৫টি উপজেলার ন্যায় উলিপুর উপজেলাতেও অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (EGPP) বাস্তবায়ন করা সম্ভব হয় নি। বিষয়টি সম্পর্কে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরসহ প্রকল্প অফিস অবগত আছেন।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আরোও বলেন যে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) নির্দেশিকার অনুচ্ছেদ নং ৩.৭ এর উপকারভোগী নির্বাচন ও তালিকাভূক্তির নিয়মাবলী (গ) নং এ উল্লেখ আছে যে পূর্ববর্তী বছরের/ফেজের উপকারভোগী পরবর্তী বছর/ফেজে পরিবর্তন করা যাবে না। তবে কোন উপকারভোগীর মৃত্যু হলে অথবা কাজ করতে অক্ষম হলে সে ক্ষেত্রে তার পরিবারের সদস্যকে (উপকারভোগী নির্বাচনের যোগ্য) তার স্থলে অন্তর্ভূক্ত করা যাবে। তবে পরিবারের সদস্য বলতে স্ত্রী, স্বামী, পুত্র, কন্যা, পিতা ও মাতাকে বুঝাবে।

২০২২-২০২৩ অর্থবছরে দেশের সকল উপজেলায় (প্রকল্পভূক্ত) একই নিয়মে কাজ শুরু করার নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনা মোতাবেক কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলা ব্যতিত সকল উপজেলায় ২৬ নভেম্বর ২০২২ তারিখে কাজ শুরু করা হয়। উলিপুর উপজেলায় ২৬ নভেম্বর ২০২২ তারিখে ১টি ওয়ার্ডে ১দিন কাজ করা হলেও শ্রমিক তালিকার বিষয়ে জটিলতায় সকল ওয়ার্ডে কাজ শুরু করা ও শুরু হওয়া ওয়ার্ডে কাজ চালানো সম্ভব হয়নি। পরিপত্র অনুযায়ী পূর্ববর্তি বছরে কর্মরত শ্রমিকদের দিয়েই পরবর্তী বছর কাজ করার নির্দেশনা রয়েছে। কিন্তু উলিপুর উপজেলার প্রস্তুতকৃত শ্রমিক তালিকায় প্রায় ৫৩% শ্রমিক পরিবর্তন করা হয়েছে। যা পরিপত্রের সাথে সাংঘর্ষিক হওয়ায় এবং ইউনিয়ন কমিটি হতে পরিপত্র অনুযায়ী সঠিক শ্রমিক তালিকা না পাওয়া প্রকল্পটি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয় নি। গত ১১ জানুয়ারি ২০২৩ তারিখে এ জেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অংশগ্রহণে প্রকল্প পরিচালক মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত অবহিতকরণ কর্মশালায় পরিবর্তিত শ্রমিক তালিকা দিয়ে প্রকল্পটি বাস্তবায়নের বিষয়টি উত্থাপিত হলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের বক্তব্যের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক মহোদয় পরিপত্র সংশোধনযোগ্য এবং পরিপত্র সংশোধন করে শ্রমিক পরিবর্তন করা অসম্ভব নয় মর্মে মতামত ব্যক্ত করেন।

প্রকল্প পরিচালকের কার্যালয়, SMoDMRPA প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার ১৫/০১/২০২৩ তারিখের ৫১.০১.০০০০.০১৯.২৫.৮২৮.২৩-২৮ নং স্মারকের উলিপুর উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের ইজিপিপি+ কর্মসূচি শুরু করার জন্য উলিপুর উপজেলার উপকারভোগীর তালিকা প্রেরণের জন্য সদয় নির্দেশনা প্রদান করেছেন। উপকারভোগীর তালিকা না পাওয়ার কারণে উলিপুর উপজেলায় ইজিপিপি+ কর্মসূচি বাস্তবায়ন করা না গেলে এর কোন দায়-দায়িত্ব অত্র প্রকল্পের উপর বর্তাবে না মর্মে পত্র প্রেরণ করেন।

উলিপুর উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নে প্রতিবন্ধকতা দূর করা এবং কর্মসূচির বরাদ্দকৃত অর্থ ফেরত না দিয়ে দুঃস্থ, গরিব জনসাধারণকে প্রদত্ত সুবিধা হতে বঞ্চিত না করার জন্য জেলা প্রশাসক মহোদয় প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

চলমান-০২

৫। উলিপুর উপজেলায় বিগত বছরে কার্ডসংখ্যা ছিল ৬০৬৭ জন কিন্তু চলতি বছরে কার্ডসংখ্যা ৫০৭১ জন। এমনিতেই ৯৯৬টি কার্ড কম পাওয়া গিয়েছে। সেহেতু সরাসরি কাজ করেছে যে বছর সে বছরের বিদ্যমান উপকারভোগীর তালিকা অনুসরণ করতে হবে। সে ক্ষেত্রে মৃত্যুবরণকারী, বয়স, স্থানান্তর, বিভিন্ন সুবিধাভোগীর দ্বৈততা প্রভৃতি কারণে বাদ দেয়া যাবে। কিন্তু নতুন তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। সেক্ষেত্রে উপকারভোগী নির্বাচনে সমস্যা সৃষ্টি হলে লটারির মাধ্যমে বর্ণিত কর্মকর্তার উপস্থিতিতে উপকারভোগী নির্বাচন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এছাড়া তবকপুর, দলদলিয়া, দুর্গাপুর, বেগমগঞ্জ, গুনাইগাছসহ অন্যান্য চেয়ারম্যানগণ তাদের মূল্যবান বক্তব্য প্রদান করেন। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | উপকারভোগীর সংখ্যা | উপকারভোগীর নির্বাচনের তারিখ | সময় | যার উপস্থিতিতে লটারী কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
|---|---|---|---|---|---|
| ০১ | থেতরাই | ৩৩৫ | ২৫-০১-২০২৩ | ১০.০০ | উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | দলদলিয়া | ৩০০ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | দূর্গাপুর | ৩৯৪ | ২৫-০১-২০২৩ | ১০.০০ | সহকারী কমিশনার (ভূমি) |
| ০৪ | পান্ডুল | ২৮১ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | সহকারী কমিশনার (ভূমি) |
| ০৫ | বুড়াবুড়ি | ৪৭৪ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ০৬ | ধরণীবাড়ী | ৩২২ | ২৫-০১-২০২৩ | ১০.০০ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ০৭ | ধামশ্রেণী | ২৫২ | ২৫-০১-২০২৩ | ১০.০০ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ০৮ | গুনাইগাছ | ৩৫৩ | ২৫-০১-২০২৩ | ২.০০ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ০৯ | বজরা | ৪৩৬ | ২৫-০১-২০২৩ | ১০.০০ | উপ-সহকারী প্রকৌশলী, SMoDMRPA প্রকল্প |
| ১০ | তবকপুর | ৩৯৯ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | উপ-সহকারী প্রকৌশলী, SMoDMRPA প্রকল্প |
| ১১ | হাতিয়া | ৩৯০ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ১২ | বেগমগঞ্জ | ৩৯৫ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ১৩ | সাহেবের আলগা | ৭৪০ | ২৫-০১-২০২৩ | ১২.০০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | মোট= | ৫০৭১ | | | |

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-

১। সরাসরি কাজ করা হয়েছে যে বছর সেই বছরের বিদ্যমান উপকারভোগীর তালিকা অনুসরণ করে শ্রমিক তালিকা প্রস্তুত করতে হবে।

২। যে সকল শ্রমিক মৃত্যুবরণ করেছেন তাদেরকে তালিকা হতে বাদ দিয়ে শ্রমিক তালিকা চূড়ান্ত করতে হবে। মৃত্যুবরণকারী শ্রমিক বাদ দেয়ার পর অবশিষ্ট শ্রমিক সংখ্যা যদি বর্তমান বিভাজনে প্রদত্ত শ্রমিক অপেক্ষা বেশি হয় তাহলে লটারির মাধ্যমে অতিরিক্ত সংখ্যক শ্রমিক বাতিল এবং বর্ণিত সময়সূচি ও কর্মকর্তার উপস্থিতিতে অনুষ্ঠিত করতে হবে।

৩। আগামী ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (EGPP) ১ম পর্যায়ের কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত চূড়ান্তকৃত শ্রমিকদের মধ্য হতে যাদের বয়স ৬০ বা তদোর্ধ তাদের তালিকায় নাম অর্ন্তভুক্ত থাকলেও শ্রমিক হিসেবে করা যাবে না। ৬০ বা তদোর্ধ বয়সি শ্রমিকগণ স্বাভাবিক (EGPP) কাছে নিযুক্ত হতে পারবেন না কিন্তু ইজিপিপি+ এর কাজ শুরু হলে সেক্ষেত্রে ৬০ বা তদ্বোর্ধ শ্রমিকগণ ৬৫ বছর পর্যন্ত কাজ করার সুযোগ পাবেন।

৪। চূড়ান্তকৃত শ্রমিক তালিকা অনুযায়ী কাজে নিযুক্ত করতে হবে। এ ক্ষেত্রে যারা কাজে আসবেন না কিংবা কাজ করতে আগ্রহী নয় কিংবা অন্য কোন কারণে প্রকল্প এলাকায় অনুপস্থিত থাকবেন তারা অযোগ্য ও অনুপস্থিত শ্রমিক হিসেবে বিবেচিত হবেন। অর্থাৎ অনুপস্থিত শ্রমিকের মজুরির অর্থ অব্যয়িত থাকবে। তবে পরিপত্র সংশোধন সাপেক্ষে অযোগ্য শ্রমিক পরিবর্তনের ব্যবস্থা নেয়া যাবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১/২০২৩

(মোঃ মিনহাজুল ইসলাম)
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম
ও
সভাপতি
অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি কমিটি
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০৪.২১-৬৩

তারিখঃ- ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্টতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- কুড়িগ্রাম- ।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৬। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),................................. কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),................................. কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাঁকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)..............................কুড়িগ্রাম।
১৪। জনাব..........................................................................., কুড়িগ্রাম।
১৫। অফিস নথি।

২৪.০১.২০২৩

(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সদস্য সচিব
জেলা অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি কমিটি
কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drrokurigram@ddm.gov.bd